# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৬৫

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - পানীয় দ্রব্যের বর্ণনা

بَابُ الْأَشْرِبَةِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ اخْتِنَاثِ الْأَسْقِيَةِ. زَادَ فِي رِوَايَةٍ: وَاخْتِنَاثُهَا: أَنْ يُقْلَبَ رَأْسُهَا ثُمَّ يُشْرَبَ مِنْهُ

বাংলা

৪২৬৫-[৩] আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মশক হতে ইখতিনাস করতে নিষেধ করেছেন। অপর এক রিওয়ায়াতের মধ্যে বর্ধিত আছে, ইখতিনাস হলো মশককে উল্টিয়ে ধরে তার মুখ হতে পানি পান করা। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৬২৫, ৫৬২৬; মুসলিম (২০২৩)-১১০, সহীহ ইবনু হিব্বান ৫৩১৭, দারিমী ২১১৯, তিরমিযী ১৮৯০, ইবনু মাজাহ ৩৪১৮, আবূ দাঊদ ৩৭২০, সহীহুল জামি‘ ১২৮০৭, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১২০, সিলসিলাতুস্ সহীহাহ্ ১১২৬, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ১৯৫৯৯, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৪১২৭, তাহক্বীক মুসনাদে আহমাদ ১৯৯০৬, মুসনাদে আবূ ইয়া‘লা ৯৯৬, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫৫৭৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৫০৫৭, শু‘আবূল ঈমান ৬০১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ‘আল্লামা সুয়ূত্বী (রহিমাহুল্লাহ) বলেনঃ দুর্গন্ধের কারণে এ কাজ করা থেকে নিষেধ করা হয়েছে, প্রতিনিয়ত এভাবে পানি পান করলে পাত্রের গন্ধ পরিবর্তন হয়ে যাবে।

এটাও বলা হয় যে, পানির পাত্রের মুখ প্রশস্ত হওয়ার কারণে পানকারীর ওপর যেন পড়ে না যায় সে জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবে পান করতে নিষেধ করেছেন। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭১৬; তুহফাতুল আহ্ওয়াবী ৫ম খন্ড, হাঃ ১৮৯০)

সকল ফকীহ একমত যে, এ নিষেধটি সতর্কতামূলক نَهْيُ تَنْزِيهٍ হারাম নিষেধ নয়। অতঃপর বলা হয়, এ নিষেধের কারণ হলো মশকের মুখে কোন ক্ষতিকর বস্তু থাকতে পারে যা তাকে কষ্ট দিবে, একই সাথে পাকস্থলীতে পানি যেয়ে ক্ষতি সাধন করতে পারে। এও বলা হয় যে, এভাবে পান করলে অন্যের কাছে অরুচিকর হতে পারে। এও বলা হয়েছে যে, এটা দুর্গন্ধের সৃষ্টি করে অথবা এভাবে পান করাটা অরুচিকর। (শারহুন নাবাবী ১৩শ খন্ড, হাঃ ২০২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74988

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন